

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী (সওজ)-এর কার্যালয়
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোনঃ ০২-৮৮৭৯৩১৯
E-mail: ceae@rhd.gov.bd

স্মারক নং-

১৪৬৬২

তারিখঃ ২০/১১/১৬

“আইনজীবী প্যানেল নিয়োগ বিজ্ঞপ্তি”

সরকারী স্বার্থ রক্ষার্থে সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) এর পক্ষে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে উত্থাপিত মামলাসমূহ পরিচালনার জন্য ২(দুই) জন ও দেওয়ানীসহ অধঃস্তন আদালত (জেলা জজ কোর্টে) উদ্ভূত মামলা পরিচালনার জন্য ১(এক) জন সর্বমোট ৩(তিন) জনের একটি বেসরকারী আইনজীবী প্যানেল তালিকাভুক্ত করার লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা হলো।

১।	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে।
২।	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে।
৩।	আবেদনের সাথে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
৪।	আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি ও এলএলবিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা সনদপত্রসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৫।	হাইকোর্ট/আপীল বিভাগে এডভোকেট হিসেবে কমপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে (সুপ্রীম কোর্ট/হাইকোর্ট ও প্রশাসনিক ট্রাইব্যুনালের জন্য) এবং Advocate on Record হিসেবে অভিজ্ঞতা থাকলে যথাযথ কর্তৃপক্ষের Affiliation Certificate দাখিল করতে হবে।
৬।	দেওয়ানী আদালতে এডভোকেট হিসেবে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে (দেওয়ানী আদালতের ক্ষেত্রে)।
৭।	আবেদনের সাথে মামলার ধরণ অনুযায়ী পরিচালনা ব্যয়ের বিস্তারিত হিসাব উল্লেখ থাকতে হবে।
৮।	অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে।
৯।	আবেদনকারীর বয়স ৬০ বৎসরের অধিক হতে পারবে না।
১০।	আইনজীবী নিয়োগ ২(দুই) বৎসর মেয়াদের জন্য করা হবে।
১১।	কোন আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে সে ক্ষেত্রে ৩০(ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
১২।	বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, ব্লক-জি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮ বরাবর আবেদন পৌঁছাতে হবে।
১৩।	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। সে ক্ষেত্রে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

(মোঃ মনিরুজ্জামান)

পরিচিতি নং-০০০৪২২

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ

প্রশাসন ও সংস্থাপন

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

ও

সদস্য-সচিব

সওজ বেসরকারী আইনজীবী প্যানেল

নিয়োগ/নবায়ন কমিটি।